সমকাল

11 AUG 2017
পৃঃ ৭ কলাম ৬

# বোয়ালমারীতে মাদ্রাসা সুপারকে কুপিয়ে জখম

■ বোয়ালমারী (ফরিদপুর) প্রতিনিধি

ফরিদপুরের বোয়ালমারী উপজেলার পরমেশ্বরদী ইউনিয়নের তামারহাজী বরকতিয়া ইবতেদায়ি মাদ্রাসার সুপার ও তামারহাজী ঈদগাহ মসজিদের ইমাম মো. ইলিয়াস মিয়াকে কুপিয়ে জখম করেছে দুর্বৃত্তরা। এলাকাবাসী তাকে উদ্ধার করে বোয়ালমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। ইলিয়াস মিয়া বলেন, বুধবার রাতে এশার নামাজ শেষ করে বাসা থেকে রাত যাপনের জন্য মসজিদে ফিরে তালা খুলতে গেলে পেছন থেকে লাঠি দিয়ে বাড়ি মারে দুর্বৃত্তরা। ঘুরে দাড়ানোর সঙ্গে সঙ্গে ছুরি ও রামদা দিয়ে কোপানো শুরু করে তারা। আমার চিৎকার শুনে লোকজন এগিয়ে এলে সন্ত্রাসীরা পালিয়ে যায়। এ ব্যাপারে মসজিদের সভাপতি নজরুল হক মিনা মোবাইল ফোনে বলেন, প্রায় ২০ বছর ধরে ইলিয়াস মিয়া এখানে ইমামতি এবং মাদ্রাসায় শিক্ষকতা করে আসছেন। কোনো ঝামেলা হয়নি। হঠাৎ কী হলো বুঝতে পারছি না। তিনিও মুখ খুলছেন না। বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে।